# ব্যান্সডক

## (বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার)

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**ই-১৪/ওয়াই, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭**


নম্বর: ৩৯.০৪.০০০০.০০২.১১.০০৩.১৯-৯১৮১৯

তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩০ / ১৮ ফেব্রুয়ারি ২০২৪

### নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)-এর নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে (Online) অনলাইনে http://bansdoc.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | অ্যাকাউন্টস্‌অফিসার<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড) | ০১ (এক)-টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ কোন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ২. | লাইব্রেরি অ্যাসিসটেন্ট<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা: ১১০০০-২৬৫৯০ (১৩তম গ্রেড) | ০১ (এক)-টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে প্রথম শ্রেণিতে ডিপ্লোমা। |
| ৩. | ড্রাইভার<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>টা. ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড) | ০১ (এক)-টি | ক) অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে।<br>গ) ০৩ (তিন) বছরের হালকা এবং ভারী যানবাহন চালানোর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |

**আবেদনের শর্ত ও নিয়মাবলি:**

http://bansdoc.teletalk.com.bd তে প্রদত্ত নিয়মাবলি অনুসরণ করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে।

১। অনলাইনে আবেদনপত্র পূরণের এবং পরীক্ষার ফি জমাদানের শুরু এবং শেষ হওয়ার তারিখ ও সময় :

ক) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫/০২/২০২৪ সকাল ১০.০০ টা।

খ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫/০৩/২০২৪ বিকাল ০৫.০০ টা। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ বিকাল ০৫.০০ টার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

গ) পরীক্ষার ফি জমাদানের নিয়ম: Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন ভুল তথ্য থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's কপি প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ক্রমিক নম্বর ১ পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৬০০.০০ টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ ৬৯.০০ টাকা, ক্রমিক নম্বর ২-৩ পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০.০০ টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করবেন।

প্রথম SMS: BANSDOC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example:* BANSDOC ABCDEF**

দ্বিতীয় SMS: BANSDOC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

C:\বিজ্ঞপ্তি

*Example:* **BANSDOC YES 12345678**

২। ক) ১ নম্বর ক্রমিকের ক্ষেত্রে কোটা প্রযোজ্য হবে না।
খ) ০১/০২/২০২৪ তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ১৮-৩২ বছর।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত কর্তৃপক্ষের অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

৪। <u>মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:</u>

*প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, পুত্র কন্যাদের পুত্র কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ তারিখের মু:বি:ম:/সনদ-১/প্র-*১/২০০২/০২ নং প্রজ্ঞাপনের আলোকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা /পিতামহ/পিতামহী/ মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্ম তারিখ সম্বলিত এসএসসি বা সমমানের সনদ/এসএসসি বা সমমান পরীক্ষায় পাস না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সার্টিফিকেট/জন্ম তারিখ সম্বলিত প্রামাণিক দলিল এবং মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্ম তারিখ এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে হাতে লিখতে হবে।

৫। ৪ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য কাগজপত্র ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

৬। অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীতা দাবি না করলে নতুন করে কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।

৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল কিংবা বিধিমোতাবেক নিয়োগ সংক্রান্ত যেকোন পরিবর্তন করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০। ব্যান্সডকের ওয়েবসাইটে <u>www.bansdoc.gov.bd</u> প্রদত্ত নিয়মাবলি অনুসরণ করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.bansdoc.gov.bd, <u>http://bansdoc.teletalk.com.bd</u> অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটের টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ অথবা <u>alljobs.query@teletalk.com.bd</u> ; এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https.//www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: BANSDOC; Post Name******, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)

১১। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচি যথাসময়ে ব্যান্সডকের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। **মৌখিক পরীক্ষার জন্য ডাকযোগে আলাদা** করে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

১২। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রসমূহের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

11/02/24

মহাপরিচালক
বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড
টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)

C:\বিজ্ঞপ্তি